

রেজিস্টার্ড নং ডি এ-১



# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ২২, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

মাধ্যমিক অনুবিভাগ

প্রজ্ঞাপন

তারিখ: ২১ অক্টোবর, ২০১৫ খ্রিস্টাব্দ/০৬ কার্তিক ১৪২২ বঙ্গাব্দ

এস. আর. ও. নং-৩০৯-আইন/২০১৫—বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ আইন, ২০০৫ (২০০৫ সনের ১ নং আইন) এর ধারা ২১-এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা, ২০০৬-এ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

## উপরি-উক্ত বিধিমালার—

১। বিধি ২ এ দফা (ঢ) এর পর নিম্নরূপ নৃতন দফা “(গ)” সন্নিবেশিত হইবে, যথা:—

“(গ) ‘এলাকা’ অর্থ সংশ্লিষ্ট উপজেলা বা, ক্ষেত্রমত, জেলার অধিক্ষেত্র অথবা কর্তৃপক্ষ কর্তৃক এলাকা হিসেবে চিহ্নিত উহার কোন প্রশাসনিক অধিক্ষেত্র”;

২। বিধি ৩-এর পর নিম্নরূপ নৃতন বিধি তৃক সন্নিবেশিত হইবে, যথা:—

“তৃক। শূন্যপদের সংখ্যা নিরপত্ন।—(১) কর্তৃপক্ষ, প্রতি বৎসর নভেম্বর মাসের মধ্যে, জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে জেলাধীন সংশ্লিষ্ট বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের পদ ও বিষয়-ভিত্তিক শূন্য পদের তালিকা সংগ্রহ করিবে।

(২) সংশ্লিষ্ট উপজেলা বা থানা মাধ্যমিক শিক্ষা অফিসার উপ-বিধি (১) এ উল্লিখিত তালিকা প্রণয়ন করিয়া অক্টোবর মাসের মধ্যে জেলা শিক্ষা অফিসারের নিকট দাখিল করিবেন।

(৩) গৌড় জেলা শিক্ষা অফিসার উক্ত তালিকার সঠিকতা যাচাইক্রমে কর্তৃপক্ষের প্রচারক ঘৰত পান করে অনুকূলে প্রেরণ করিবেন এবং কর্তৃপক্ষ উক্ত তালিকার ভিত্তিতে পরীক্ষা প্রয়োগ করে প্রাপ্ত প্রাপ্তির ব্যবস্থা করিবে।”;

মাল্যাংশ প্রকাশন কর্তৃত প্রকাশ করিতে পাইতে পারে। (৮৪৫৫)

মূল্য : টাকা ৮.০০

৩। বিধি ৫-এর দফা (খ) এ উল্লিখিত ‘কমিশনার’ এবং ‘পৌরসভার চেয়ারম্যান’ শব্দগুলির পরিবর্তে যথাক্রমে ‘কাউন্সিলর’ ও ‘পৌরসভার মেয়র’ শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

৪। বিধি ৮ এর উপ-বিধি (১)-এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(১) (ক) এই বিধিমালার অধীন তৃতীয় তফসিলে বর্ণিত আবশ্যিক বিষয়সমূহে Multiple Choice Question (MCQ) পদ্ধতিতে প্রার্থীদের প্রিলিমিনারি পরীক্ষা গ্রহণ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, মাঠ পর্যায়ের চাহিদাসহ অন্য কোন সুনির্দিষ্ট এবং যৌক্তিক কারণে, সরকারের পূর্বানুমতিক্রমে, তৃতীয় তফসিলে উল্লেখ নাই এইরূপ বিষয়েও পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে;

(খ) প্রিলিমিনারি টেস্টে উত্তীর্ণ প্রার্থীদেরকে তৃতীয় তফসিলে উল্লিখিত স্ব স্ব ঐচ্ছিক বিষয়ে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে;

(গ) কর্তৃপক্ষ ঐচ্ছিক বিষয়ে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ করিবে;

(ঘ) সকল পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে প্রার্থীদের উপযুক্তা নির্ধারণ বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।”;

৫। বিধি ৯ এর উপ-বিধি (২), (৩) এবং (৪) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (২), (৩) ও (৪) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(২) (ক) প্রিলিমিনারি পরীক্ষায় ন্যূনতম পাশের নম্বর হইবে শতকরা ৪০ (চাল্লাশ);

(খ) কর্তৃপক্ষ, এলাকা, বিষয় ও পদ-ভিত্তিক নিরূপিত শিক্ষকের শূন্য পদের ভিত্তিতে প্রয়োজনীয়তা অনুযায়ী ঐচ্ছিক বিষয়ে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীর সংখ্যা নির্ধারণ করিবে;

(গ) লিখিত এবং মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের উপজেলা, জেলা এবং জাতীয়-ভিত্তিক মেধাক্রম অনুসারে ফলাফলের তালিকা প্রণয়ন ও প্রকাশ করা হইবে:

তবে শর্ত থাকে যে, কোন প্রার্থী লিখিত এবং মৌখিক-উভয় ক্ষেত্রে পৃথকভাবে অন্যন্য শতকরা ৪০ (চাল্লাশ) নম্বর না পাইলে তিনি কোন মেধা তালিকায় অন্তর্ভুক্তির যোগ্য হইবেন না;

(ঘ) উত্তীর্ণ প্রার্থীদের মেধা-ভিত্তিক মূল তালিকা ব্যতীত শূন্য পদের সংখ্যার শতকরা ২০ ভাগ প্রার্থী সমন্বয়ে অপেক্ষমান তালিকা প্রণয়ন করা যাইবে এবং মৃত্যু, চাকুরী ত্যাগ, অনিচ্ছুক প্রার্থী বা অন্য কোন কারণে পদ শূন্য হইলে উক্ত তালিকা হইতে শিক্ষক নিয়োগ করা যাইবে;

(ঙ) নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত মেধা তালিকা অনুসরণযোগ্য হইবে।

- (৩) (ক) কর্তৃপক্ষ, বিধি ৮-এ বর্ণিত প্রিলিমিনারি পরীক্ষার ফলাফল পরীক্ষা গ্রহণের ২০ (বিশ) দিনের মধ্যে প্রকাশ করিবে, তবে অনিবার্য পরিস্থিতিতে এই সময়সীমা আরও ১০ (দশ) দিন বৃদ্ধি করিতে পারিবে;
- (খ) ঐচ্ছিক বিষয়ে লিখিত পরীক্ষার ফলাফল পরীক্ষা গ্রহণের ৪৫ (পঁয়তালিশ) দিনের মধ্যে প্রকাশ করা হইবে, তবে অনিবার্য পরিস্থিতিতে এই সময়সীমা আরও ১৫ (পনের) দিন বৃদ্ধি করা যাইবে;
- (গ) মৌখিক পরীক্ষা গ্রহণ সম্পন্ন হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে চূড়ান্ত ফল প্রকাশ করা হইবে।
- (৪) (ক) পরীক্ষার সকল উত্তরপত্র গোপনীয় দলিল বলিয়া বিবেচিত হইবে;
- (খ) প্রিলিমিনারি, লিখিত ও মৌখিক পরীক্ষার উত্তরপত্র পুনর্নিরীক্ষণ বা পুনর্পরীক্ষণের কোন আবেদন গ্রহণ করা হইবে না এবং এতদসংক্রান্ত কোন তথ্য প্রার্থী বা তাহার প্রতিনিধিকে প্রদর্শন বা প্রদান করা হইবে না;
- (গ) সকল পরীক্ষায় কৃতকার্যতা নির্ধারণের ক্ষেত্রে এনটিআরসিএ'র সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।"; এবং

৬। বিধি ১০ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে,  
যথা:—

“(১) বিধি ৯ এর উপ-বিধি (৩) অনুযায়ী পরীক্ষার ফল প্রকাশের অনধিক ৯০ (নবমই) দিনের মধ্যে কর্তৃপক্ষ উত্তীর্ণ প্রার্থীগণকে চতুর্থ তফসিলে বর্ণিত ফরম-৩ অনুযায়ী শিক্ষক নিবন্ধন রেজিস্টারে বা ডাটাবেজে নিবন্ধন করিবে এবং ফরম-৪ অনুযায়ী ৩(তিনি) বৎসর মেয়াদী প্রত্যয়নপত্র প্রদান করিবে।”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মো. নজরুল ইসলাম খান  
সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক (দায়িত্বপ্রাপ্ত), বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

ড. মহিউকীন আহমেদ (উপসচিব), উপপরিচালকের দায়িত্বে, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)